

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৯৮৩

খোয়াই, ২ ডিসেম্বর, ২০২৩

খোয়াইয়ে জনজাতি সম্প্রদায়ের সমাজপতিদের সাথে মুখ্যমন্ত্রীর মতবিনিময়
জনজাতিদের কল্যাণে কেন্দ্র ও রাজ্য সরকার
অগ্রাধিকার দিয়ে কাজ করছে : মুখ্যমন্ত্রী

জনজাতিদের কল্যাণে কেন্দ্র ও রাজ্য সরকার অগ্রাধিকার দিয়ে কাজ করছে। জনজাতি সম্প্রদায়ের জনগণের আর্থসামাজিক মান উন্নয়ন ও জনজাতি অধুষিত এলাকার সার্বিক বিকাশে বিভিন্ন পরিকল্পনা নেওয়া হয়েছে। আজ খোয়াই জেলার ধূপছড়া ভিলেজের সরজিৎ দেববর্মার বাড়িতে জনজাতি সম্প্রদায়ের সমাজপতিদের নিয়ে এক মতবিনিময় সভায় মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। সমাজপতিদের সাথে মতবিনিময়ের পর সাংবাদিকদের সাথে কথা বলতে গিয়ে মুখ্যমন্ত্রী জানান, রাজ্য সরকার জনজাতি অংশের মানুষের উন্নয়নে আন্তরিক। সরকারের এই আন্তরিকতা ইতিমধ্যেই বিভিন্ন পদক্ষেপে ফুটে উঠেছে। রাজ্যের সমস্ত অংশের মানুষ যাতে কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের সুবিধা ভোগ করতে পারেন সেই লক্ষ্যে বিকশিত ভারত সংলগ্ন যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযান শুরু হয়েছে।

খোয়াই সফরে এসে আজ মুখ্যমন্ত্রী প্রথমে পদ্মাবিল ব্লকের ওয়ারেনটুবাড়ি ভিলেজের গাইরিনপাড়াতে ভারতীয় সেনাবাহিনীর শহীদ জওয়ান চিত্তরঞ্জন দেববর্মার বাড়িতে যান। সেখানে মুখ্যমন্ত্রী শহীদ পরিবারের সদস্যদের সাথে কথা বলেন। মুখ্যমন্ত্রী শহীদ জওয়ানের পিতা মধুসূদন দেববর্মা, মাতা ধনছড়ি দেববর্মা, স্ত্রী নমিতা দেববর্মা, পুত্র অকলাই দেববর্মা, মেয়ে ইনলেক দেববর্মা সহ পরিবারের অন্যান্য সদস্যদের সাথে মতবিনিময় করেন ও তাদের বিষয়ে খোঁজখবর নেন। সেখানে মুখ্যমন্ত্রী শহীদ জওয়ানের প্রতিকৃতিতে মাল্যদান ও পুষ্পার্ঘ্য অর্পণ করেন। তাছাড়াও মুখ্যমন্ত্রী শহীদ জওয়ানের বাড়ির কাছেই নির্মিত শহীদ বেদীতেও শ্রদ্ধা জ্ঞাপন করেন। মুখ্যমন্ত্রীর সাথে ছিলেন জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা, খোয়াই জিলা পরিষদের সভাপতি জয়দেব দেববর্মা, বিধায়ক পিনাকী দাস চৌধুরী, বিধায়ক রঞ্জিৎ দেববর্মা, খোয়াই জেলার জেলাশাসক চাঁদনি চন্দ্রন, পুলিশ সুপার অভিনাশ রায়, অতিরিক্ত পুলিশ সুপার রাজীব সেনগুপ্ত প্রমুখ।
